

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফরয সালাতের পর যা বললে ব্যক্তি তার চেয়ে অগ্রগামী থেকেও অগ্রগামী হয় এবং তার থেকে পিছে পড়া ব্যক্তি তার পর্যন্ত পৌঁছতে পারবে না, তবে সে ব্যক্তি ব্যতিত যে ব্যক্তি অনুরুপ আমল করে

ذِكْرُ الشَّيْءِ الَّذِي يَسْبِقُ الْمَرْءُ بِقَوْلِهِ فِي عُقَيْبِ الصَّلَوَاتِ الْمَفْرُوضَاتِ مَنْ تَقَدَّمَهُ وَلَا يَلْحَقُهُ أَحَدٌ بَعْدَهُ إِلَّا مَنْ أَتَى بَمِثْلِهِ

আরবী

2011 _ أخبرنا عمر بن محمد الهمذاني وَمُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَا: حَدَّثَنَا مُعتمر قَالَ: سَمِعْتُ عُبَيْدَ اللَّهِ بْنَ عُمَرَ عَنْ سُمَيِّ عَنْ مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا معتمر قَالَ: سَمِعْتُ عُبَيْدَ اللَّهِ بْنَ عُمَرَ عَنْ سُمَيٍّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: جَاءَ الْفُقَرَاءُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالُوا: ذَهَبَ أَهْلُ الدُّثُورِ مِنَ الْأَمْوَالِ بِالدَّرَجَاتِ الْعُلَى وَالنَّعِيمِ الْمُقِيمِ يُصَلُّونَ كَمَا نُصُومُ وَلَهُمْ فُضُولُ أَمْوَالٍ يحجُّون بِهَا وَيَعْتَمِرُونَ وَيُجَاهِدُونَ وَيَحَلِي وَيَصُومُونَ كَمَا نَصُومُ وَلَهُمْ فُضُولُ أَمْوَالٍ يحجُّون بِهَا وَيَعْتَمِرُونَ وَيُجَاهِدُونَ وَيَتَصَدَّقُونَ قَالَ: (أَفَلَا أَدُلُكُمْ عَلَى أَمْرٍ إِنْ أَخَذْتُمْ بِهِ أَدْرَكْتُمْ مَن سَبَقَكُمْ وَلَمْ يُدرككم أَحَدٌ وَيَتَصَدَّقُونَ قَالَ: (أَفَلَا أَدُلُكُمْ عَلَى أَمْرٍ إِنْ أَخَذْتُمْ بِهِ أَدْرَكْتُمْ مَن سَبَقَكُمْ وَلَمْ يُدرككم أَحَدٌ وَيَتَصَدَّقُونَ قَالَ: (أَفَلَا أَدُلُكُمْ عَلَى أَمْرٍ إِنْ أَخَذْتُمْ بِهِ أَدْرَكْتُمْ مَن سَبَقَكُمْ وَلَمْ يُدرككم أَحَدٌ بَعْدَكُمْ وَكُنْتُمْ خَيْرَ مَن أَنْتُمْ بَيْنَ ظَهْرَيْهِ إِلَّا أَحَدٌ عَمِلَ بِمِثْلِ أَعْمَالِكُمْ؟ تُسَبِّحُونَ وَتُحَمِّدُونَ وَتُحَمِّدُونَ وَتُحَمِّرُون خلف كل صلاة ثلاثاً وثلاثين)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2011 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح الكلم الطيب)) ((التعليق على صحيح ابن خزيمة)) (749)

বাংলা

২০১১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার গরীব লোকেরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "সম্পদশালী লোকেরা তো স্থায়ী নি'আমত ও উচ্চ মর্যাদা নিয়ে গেলো; আমরা যেভাবে সালাত আদায় করি, তারাও সেভাবে সালাত আদায় করেন, আমরা যেমন সিয়াম পালন করি,



তারাও তদ্রুপ সিয়াম পালন করেন! তাদের অতিরিক্ত সম্পদ রয়েছে, তা দিয়ে তারা হজ্জ করেন, উমরা করেন, জিহাদ করেন ও সাদাকাহ করেন (যা আমরা করতে পারি না)! রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি কি তোমাদের এমন একটি বিষয়ের সন্ধান দিবো না, যদি তোমরা তা গ্রহণ করো, তবে তোমরা তোমাদের চেয়ে অগ্রগামী ব্যক্তিদের পর্যন্ত পৌঁছতে পারবে আর তোমাদের পিছনের লোকেরা তোমাদের পর্যন্ত পৌঁছতে পারবে না আর তোমরাই হবে উত্তম ব্যক্তি তবে সেই ব্যক্তি ছাড়া যে তোমাদের মতো আমল করে। (আমলটি হলো) তোমরা প্রত্যেক সালাতের পর ৩৩ বার করে সুবহানাল্লাহ, আলহামদু লিল্লাহ ও আল্লাহু আকবার বলবে।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭৪৯; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১৪৬; সহীহ আল বুখারী: ৮৪৩; সহীহ মুসলিম: ৫৯৫; আবূ আওয়ানা: ২/২৪৮; সুনান বাইহাকী: ২/১৮৬; বাগাবী, শারহুস সুনাহ: ৭২০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আল কালিমুত তয়্যিব: ১১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন